

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি: দেওয়ান মো: ইমরান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ। তারিখ: ০২/০৩/২০২২ খ্রি:। সময়: ০৩:০০ ঘটিকা।

সদস্য সচিব: মো: তোফায়েল আহমেদ, উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব। অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভাপতি ও উপজেলা পরিষদের সম্মানিত ভাইস চেয়ারম্যান জনাব দেওয়ান মো: ইমরান। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।


সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

আলোচ্য বিষয়: স্থানীয় সরকার বিভাগ এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরন।

আলোচনা: সভায় সদস্য সচিব মো: তোফায়েল আহমেদ জানান যে, স্থানীয় সরকার বিভাগ এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ২২/০৮/২০২১ খ্রি: তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০০.০৩৫(২).২০২১-২৪৪ নং স্বারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি চিঠি ইস্যু করা হয়। যাতে উল্লেখ করা হয় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রতিটি উপ-প্রকল্পের ন্যূনতম বাজেট হবে ১.০০ (এক) লক্ষ টাকা এবং উপজেলা পর্যায়ে যে সকল প্রশিক্ষণ আয়োজন করা হবে উপ-প্রকল্প আকারে প্রস্তাবনা যথারীতি প্রকল্প দপ্তরে পাওয়ার পর যাচাই এবং সম্মতিক্রমে অগ্রীম প্রেরিতব্য ১০.০০ (দশ) লক্ষ টাকা ২০২০-২১ অর্থ বছরের জন্য সংশোধিত বাজেটের অন্তর্ভুক্ত হবে। উপর্যুক্ত বর্ণনার আলোকে এতদসংগে প্রেরিত নির্দেশনা অনুসরণ করে নির্ধারিত ছকে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প প্রণয়ন করে ৩০ নভেম্বর ২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা হয়। যার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব উপজেলা প্রকৌশলী তার বিভাগের প্রয়োজনীয়তা গুরুত্ব বিবেচনা করে ২০২০-২১ অর্থ বছরের জন্য বেকার যুবকদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির জন্য " একটি গ্রাম, একজন ইলেকট্রিশিয়ান" বিষয়ক প্রশিক্ষণ বাছাই কমিটিতে প্রেরন করার প্রস্তাব পেশ করেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্পটি জরুরী ও জনগুরুত্ব বিবেচনায় সর্বসম্মতিক্রমে প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচনের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্য গণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


(দেওয়ান মো: ইমরান)

সভাপতি, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

তারিখ: ০২/০৩/২০২২ খ্রি:।

স্বারক নং:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৩) উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ৪) অফিস কপি।


(মো: তোফায়েল আহমেদ)

উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব

দেওয়ানগঞ্জ, জামালপুর।